

তারিখ: 19/01/2017

আরবিআই মুম্বই স্থিত বম্বে মারকেন্টাইল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর উপর জরিমানা আরোপ করল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 47A(1) তৎসহ পঠিত ধারা 46(4) –এর অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে আরবিআই কর্তৃক জারিকৃত আপনার গ্রাহককে জানুন/ অ্যান্টি মানি-লন্ডারিং(কেওয়াইসি/এএমএল) সম্পর্কিত আদেশবিধি লঙ্ঘনের কারণে মুম্বই স্থিত বম্বে মারকেন্টাইল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর উপর ₹ 75.00 লক্ষ(পঁচাত্তর লক্ষ টাকা মাত্র)-এর আর্থিক জরিমানা আরোপ করল।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক উক্ত ব্যাঙ্কের প্রতি একটি ‘কারণ দেখাও’ নোটিশ জারি করেছিল, যাতে সাড়া দিয়ে উক্ত ব্যাঙ্ক একটি লিখিত জবাব পেশ করে এবং তৎসম্পর্কিত মৌখিক নিবেদনও রাখে। বিষয়টি সংক্রান্ত তথ্যাদি এবং ব্যাঙ্কটির সেই সম্পর্কিত জবাব বিবেচনা করে রিজার্ভ ব্যাঙ্ক এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে উক্ত বিধিলঙ্ঘনের বিষয়টি বাস্তবিকভাবে প্রতিষ্ঠিত এবং জরিমানা আরোপ যথোপযুক্ত।

প্রেস প্রকাশনি: 2016-2017/1940

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা